

৫৫

ছাত্রদলের সড়ক অবরোধ কর্মসূচি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনার্স ১ম বর্ষ ভর্তি পরীক্ষা অনিশ্চিত

কুষ্টিয়া প্রতিদিনী ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে অনিশ্চিততা দেখা দিয়েছে।

আগামী ১০ এপ্রিল থেকে এ পরীক্ষা শুরু হওয়ার কথা। বিশ্ববিদ্যালয়ের ডায়রি থেকে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নাম বাদ দেওয়ার প্রতিবাদে ও পুনঃসংযোজনের দাবিতে জাতীয়তাবাদী ছাত্রদল বিভিন্ন কর্মসূচি পালনের পর ১০ এপ্রিল থেকে কুষ্টিয়া-ঝিনাইদহ সড়কে অনির্দিষ্টকালের জন্য অবরোধের ডাক দিয়েছে। ছাত্রদল বলেছে, তারা যেকোনো মূল্যে অবরোধ সফল করবে।

এ ব্যাপারে ৭ এপ্রিল রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর কায়ুমউদ্দিনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, পরীক্ষাগ্রহণে সফল প্রত্নতি সম্পন্ন হয়েছে। এসম্পর্কে তিনি বলেন, আমি তো বলেছি আলোচনার জন্য সবসময় আমার দ্বার খোলা। আলোচনার মাধ্যমেই সমস্যার সমাধান সম্ভব। গত ৫ এপ্রিল বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সভায় পরীক্ষা গ্রহণের ব্যাপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করা হয়। ছাত্রদল, ছাত্রশিবির ছাড়া বিভিন্ন সংগঠন ১০ তারিখেই পরীক্ষা গ্রহণের দাবি

জানিয়েছে। অপরদিকে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ৭ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ফিরিয়ে এনে পরীক্ষা গ্রহণের দাবিতে এদিকে যৌন মিছিল শেষে উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করেছে। শাপলা ফোরাম বলেছে, বিশ্ববিদ্যালয়ের ২১৮ জন শিক্ষক-শিক্ষিকার মধ্যে মাত্র ৪০ জন শিক্ষক